মুন্সিগঞ্জে বাস-মাইক্রোবাস সংঘর্ষে নিহত ১০

মুন্সিগঞ্জের শ্রীনগরের ষোলঘর এলাকায় বাস ও বরযাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে নারী-শিশুসহ দশজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও কমপক্ষে পাঁচজন আহত হয়েছেন।

শুক্রবার (২২ নভেম্বর) দুপুরে ঢাকা-মাওয়া মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। মুন্সীগঞ্জের পুলিশ সুপার জায়েদুল আলম সড়ক দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে জানান, দুর্ঘটনাস্থলে উদ্ধার কাজ চলছে।

লৌহজং ও শ্রীনগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. আসাদুজ্জামান জানান, ঢাকাগামী স্বাধীন পরিবহনের একটি বাসের সঙ্গে শিমুলিয়াঘাটগামী বরযাত্রীবাহী একটি মাইক্রোবাসের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ছয় জন ও পরে হাসপাতালে নেওয়ার পথে আরও দুই জনের মৃত্যু হয়।

পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরো ২ জন মারা গেছেন বলে জানা গেছে। নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছেন লৌহজং ও শ্রীনগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. আসাদুজ্জামান।

আহতদের শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকরা জানিয়েছেন, আহত যাত্রীদের চিকিৎসা চলছে। এ ঘটনায় নিহতদের মধ্যে শ্রীনগর উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে এক বৃদ্ধা (৭০) ও এক শিশুর (৮) মরদেহ রয়েছে।